

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ : ২০ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ/০৩ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৯.১১(অংশ-১)/৩৯।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, ১৭ এপ্রিল, ২০১৪ হতে ০৬ (ছয়) মাসের জন্য বাংলাদেশ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প কারখানাকে উক্ত আইনের ধারা ১০০ ও ধারা ১০২ এর প্রয়োগ হতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলী :

- (১) অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক সাধারণ হারের দ্বিগুণ হারে ভাতা প্রদান করিতে হইবে।
- (২) কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার অধিক সময় কাজ করানো যাইবে না।
- (৩) সাপ্তাহিক ছুটি যথারীতি প্রদান করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মহিউদ্দিন আহমেদ খান
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১২৯৪৭)

মূল্য : টাকা ৪.০০